

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট ও আইন শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০৪.৩৪০.১৬-৩১২

তারিখঃ ০৩ আষাঢ় ১৪২৬
১৭ জুন ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২৮৮/২০১৬ (রিট পিটিশন নং-১২৫৩৮/২০১৫ হতে উদ্ভূত) এর জবাব এফিডেভিট এর মাধ্যমে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণ।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.৩৪০.১৬-২৭৮ তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি.
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.৩৪০.১৬-২৭৯ তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০৪.৩৪০.১৬-১৯০ তারিখ: ১৯.০৯.২০১৮ খ্রি।
(৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৮.১২.২০০৯.৪১৭ তারিখ: ০২.১০.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন ত্রিমিলন দারুল হদা দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আব্দুল ওয়ারেছ সরকার কর্তৃক জানুয়ারি/২০০৮ থেকে জুন/২০০৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) দাবী করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৫৩৮/২০১৫ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় গত ১৩.১২.২০১৫ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ২১/৮/২০১৪ খ্রি. তারিখের আবেদনপত্রটি বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য ১মং রেসপনডেন্ট (সচিব, শিক্ষা মন্ত্রণালয়) এর প্রতি নির্দেশনা দেয়া হয়।

Accordingly, we direct the Respondent no. 1 to dispose of the representation of the petitioner dated 21.08.2014 (Annexure-B) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order.

With this direction the Writ Petition is summarily disposed of.

০৩। উক্ত রায়/আদেশ অনুযায়ী আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২৮৮/২০১৬ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় জনাব মোঃ সোহরাব হোসাইন সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে Respondent- Contemnor করা হয়।

০৪। উল্লেখ্য, গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন ত্রিমিলন দারুল হদা দাখিল মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদেরকে কতিপয় কারণে জানুয়ারি/২০০৮ থেকে জুন/২০০৮ পর্যন্ত সময়ের বেতন ভাতার সরকারি অংশ প্রদান করা সম্ভব নয় মর্মে পিটিশনারের ২১.০৮.১৪ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করে বর্ণিত প্রতিষ্ঠানের পিটিশনরকে সূত্র (১) মূলে জনিয়ে দেয়া হয় (কপি সংযুক্ত)।

০৫। পরবর্তীতে পিটিশনারের আবেদনটি নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য সূত্র (২) ও (৩) মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়কে অনুরোধ করা হয়।

০৬। অতঃপর সূত্র (৪) মূলে SHED কর্তৃক সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য পুনরায় TMED কে অনুরোধ করা হয়।

০৭। যেহেতু কনটেম্পট পিটিশনটি জনাব মোঃ সোহরাব হোসাইন সচিব, শিক্ষা মন্ত্রণালয় নামে করা হয়েছে বিধায় SHED কর্তৃক সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে compliance দাখিল করা আবশ্যিক।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশনারের ২১.০৮.২০১৪ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তিকরণ সংক্রান্ত সূত্র (১) মূলের কপির প্রেক্ষিতে গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন ত্রিমিলন দারুল হদা দাখিল মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের জানুয়ারি/২০০৮ থেকে জুন/২০০৮ পর্যন্ত সময়ের বেতন ভাতার সরকারি অংশ প্রদান করা সম্ভব নয় মর্মে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে পুনরায় বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০২ (দুই) ফর্দ।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি/মাস্টার কপি।